

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date : 09-01-2025**

**Desk in Charge :**

**Time : 7.50 P.M.**

**Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় বিচার প্রক্রিয়া আজ শিয়ালদা আদালতে শেষ হয়েছে। দোষী সাব্যস্ত সঞ্জয় রাই-এর বিরুদ্ধে সাজা ঘোষণা আগামী ১৮ ই জানুয়ারী।

# নির্যাতিতার পরিবার ও জুনিয়ার চিকিৎসকরা অবশ্য এখনো ন্যায় বিচারের দাবীতে সরব।

২/ RG KAR কান্ডের আবহেই রাজ্য সরকার আগামী ২৪শে ফেব্রুয়ারী বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চিকিৎসকদের সঙ্গে কথা বলবে।

৩/ কলকাতা হাইকোর্ট, ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের রেসিডেন্ট ডক্টরের অস্বাভাবিক মৃত্যুর মামলায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছে।

৪/ কেন্দ্রের বঞ্চনা সত্ত্বেও রাজ্য সরকার গঙ্গাসাগর মেলা-র উন্নয়নে অনেক কাজ করেছে বলে মুখ্যমন্ত্রী আজ আউট্রাম ঘাটে জানিয়েছেন।

# মেলা-র আনুষ্ঠানিক সূচনা হবে আগামীকাল।

৫/ বিজেপি, রাজ্য সরকারের আলিপুর চিড়িয়াখানার জমি বাণিজ্যিক স্বার্থে বিক্রির সিদ্ধান্তের বিরোধিতা করেছে।

৬/ বাংলা বিজয় হাজারে ট্রফি একদিনের ক্রিকেট টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে।

\*\*\*\*\*

RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় বিচার প্রক্রিয়া আজ শিয়ালদা আদালতে শেষ হয়েছে। এই ঘটনায় অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রাইকে যে দোষী সাব্যস্ত করা হয়েছিল, তার বিরুদ্ধে আগামী ১৮ ই জানুয়ারী রায় দান করা হবে। CBI-এর আইনজীবী অবশ্য জানিয়েছেন, তদন্ত এখনো চলছে। এই ঘটনায় আরো কেউ জড়িত আছে কিনা, তা'ও খতিয়ে দেখা হচ্ছে।

উল্লেখ্য, গত ৯ই আগস্ট RG KAR হাসপাতালের সেমিনার হল থেকে PGT চিকিৎসকের দেহ উদ্ধার হয়। ওই ঘটনায় অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রাইকে পুলিশ পরের দিন গ্রেপ্তার করে। ১১ই নভেম্বর শুরু হয় বিচার প্রক্রিয়া।

এদিকে, নির্যাতিতার পরিবার জানিয়েছে, একজনের পক্ষে ওই ঘটনা সম্ভব নয় বলে তাঁরা মনে করছেন। নতুন করে বিশদে তদন্তের দাবী জানিয়েছেন তাঁরা।  
নির্যাতিতার মা বলেন-

( বাইট- অভয়ার মা )

অন্যদিকে, RG KAR-এর এই ঘটনার আজ পাঁচ মাস পূর্ণ হল। এর প্রেক্ষিতে জুনিয়ার চিকিৎসকরা তাঁর ন্যায় বিচারের দাবীতে আজ আবার পথে নামেন। কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজার পর্যন্ত এই মিছিলে চিকিৎসকদের পাশাপাশি সামিল হন নাগরিক সমাজের মানুষরাও। মিছিলে অংশগ্রহণকারী চিকিৎসকরা, এই ঘটনা শুধুমাত্র একজনের পক্ষে ঘটানো সম্ভব নয়, তার সপক্ষে বিভিন্ন বক্তব্য পেশ করেন। RG KAR কাণ্ডে আরো প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যারা জড়িত, তাদের প্রত্যেকের বিরুদ্ধে চার্জশিট দিতে হবে এই দাবিতে তাঁরা আইনী পদক্ষেপ চালিয়ে যাবেন বলেও স্পষ্ট জানিয়েছেন। ন্যায় বিচারের দাবীতে আন্দোলন থেকে তাঁরা কোনোভাবেই সরে আসছেন না বলে জানান জুনিয়ার চিকিৎসকরা। একজন জুনিয়ার ডাক্তার বলেন-

( বাইট- ডাক্তার )

\*\*\*\*\*

নদীয়ার তেহটে তৃতীয় শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণের দায়ে অভিযুক্ত স্কুল শিক্ষককে ২০ বছর সশ্রম কারাদন্ডের নির্দেশ দিয়েছে পকসো আদালত। ২০১৯ সালে চৌঠা ডিসেম্বর রজত জ্যোতি বিশ্বাস নামে ঐ শিক্ষক ছাদে নিয়ে গিয়ে ওই ছাত্রীকে ধর্ষণ করে বলে অভিযোগ। পরিবারের লোকেদের অভিযোগের ভিত্তিতে পুলিশ ঐ শিক্ষককে গ্রেপ্তার

করে। ২০ বছরের সাজার পাশাপাশি ৫০ হাজার টাকা জরিমানার নির্দেশ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

RG KAR আবহের মধ্যেই রাজ্য সরকার আগামী মাসে চিকিৎসকদের মুখোমুখি হতে চলেছে। ২৪ ফেব্রুয়ারি আলিপুরের ধনধান্য প্রেক্ষাগৃহে, চিকিৎসার অপর নাম সেবা বলে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যের বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এবং অন্যান্য হাসপাতালে কর্মরত চিকিৎসকদের সঙ্গে কথা বলবেন। ‘ওয়েস্ট বেঙ্গল স্টেট গ্রিভান্স রিড্রেসাল সেলে’র তরফে আজ এক সাংবাদিক বৈঠকে এ কথা জানানো হয়েছে।

সংগঠনের চেয়ারম্যান ডাঃ সৌরভ দত্ত সাংবাদিকদের বলেন, এইজন্যে সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ, সুপার, শিক্ষক, জুনিয়র চিকিৎসক, পড়ুয়া ছাড়াও জেলা ও ব্লক হাসপাতালের চিকিৎসকদের আমন্ত্রণ জানানো হবে।

\*\*\*\*\*

কলকাতা হাইকোর্ট, ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের রেসিডেন্ট ডক্টরের অস্বাভাবিক মৃত্যুর মামলায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছে। মুখ বন্ধ খামে দু-সপ্তাহের মধ্যে এই রিপোর্ট জমা দিতে বলেছেন প্রধান বিচারপতি T S শিবজ্ঞানমের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ।

উল্লেখ্য, দীপ্র ভট্টাচার্য নামে ওই চিকিৎসককে গত সাতই অক্টোবর হাসপাতালের হস্টেল থেকে মৃত অবস্থায় পাওয়া যায়। হুমকি সংস্কৃতির জেরেই এই ঘটনা বলে পরিবারের দাবী।

\*\*\*\*\*

নদীয়ার শান্তিপুর জেনারেল হাসপাতালে মহিলা চিকিৎসককে সুপারের হুমকির অভিযোগ নিয়ে তদন্তের আশ্বাস দিয়েছে জাতীয় মহিলা কমিশন।

কমিশনের সদস্য বিজেপি নেত্রী অর্চনা মজুমদার আজ হাসপাতালে গিয়ে সুপার ও জেলা স্বাস্থ্য আধিকারিকের সঙ্গে বৈঠক করেন। হাসপাতালের পরিকাঠামোগত উন্নয়ন, সঠিক রোস্টার তৈরী সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে তাঁদের মধ্যে আলোচনা করেন। পরে

অর্চনাদেবী সাংবাদিকদের বলেন, এব্যাপারে বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। ওই মহিলা চিকিৎসকের বাড়ি গিয়েও তাঁর সঙ্গে কথা বলেছেন তিনি। ঘটনার CCTV ফুটেজ সংগ্রহ করে তা' খতিয়ে দেখার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, সম্প্রতি শান্তিপুরে ওই মহিলা চিকিৎসক, তাঁকে মানসিক চাপ দেওয়ার অভিযোগ দায়ের করেন হাসপাতাতালের সুপারের বিরুদ্ধে। তাঁকে যখন তখন ডিউটি দেওয়া হতো বলেও অভিযোগ করেন ওই চিকিৎসক। প্রতিবাদ করলে R G KAR-এর মতো পরিণতি হতে পারে বলেও হুমকি দেওয়া হয় তাঁকে।

\*\*\*\*\*

কেন্দ্রীয় সরকারের আয়ুষ মন্ত্রকের উচ্চ পর্যায়ের আধিকারিকদের নিয়ে এক বিশেষ পর্যবেক্ষক দল আজ মেদিনীপুরে আয়ুষ হাসপাতালটি পরিদর্শন করে।

জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার সৌম্য শঙ্কর সারেঙ্গীর সঙ্গেও বৈঠক করেন তারা। দের সঙ্গে বৈঠকও করবেন তারা। আয়ুষ হাসপাতালটির পরিকাঠামো খতিয়ে দেখার পাশাপাশি সেখানকার বর্তমান পরিস্থিতি, আর কি কি উন্নয়নমূলক কাজ করা যেতে পারে, সে নিয়েও তারা আলোচনা করেন।

উল্লেখ্য, আর কিছুদিনের মধ্যেই মেদিনীপুরে আয়ুষ হাসপাতালটির ইন্ডোর পরিষেবা শুরু হতে চলেছে। প্রতিনিধি দলটি মেদিনীপুর সদর ব্লকের পাথরা ও খড়গপুর গ্রামীণ এলাকার অম্বা গ্রামীণ হাসপাতালগুলো পরিষেবা খতিয়ে দেখেন।

\*\*\*\*\*

কেন্দ্রীয় সরকারের বঞ্চনা সত্ত্বেও রাজ্য সরকার গঙ্গাসাগর মেলার উন্নয়নে অনেক কাজ করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।

আজ কলকাতার আউট্রাম ঘাটে চলতি বছরের গঙ্গাসাগর মেলার ট্রানজিট পয়েন্টের উদ্বোধন করে পুণ্যার্থীদের শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, উত্তরপ্রদেশের কুম্ভ মেলায় যেখানে কোটি কোটি টাকা খরচ করা হয় সেখানে বারবার আবেদন জানানো সত্ত্বেও কেন্দ্রীয় সরকার গঙ্গাসাগর মেলার জন্য কোন অর্থ বরাদ্দ করেনি। রাজ্য সরকার দেড় হাজার কোটি টাকা খরচ করে মুড়িগঙ্গা নদীর উপরে সেতু নির্মাণ করবে বলে মুখ্যমন্ত্রী জানান।

( বাইট- মুখ্যমন্ত্রী )

গঙ্গাসাগর মেলা-র আনুষ্ঠানিক উদ্বোধন হবে, আগামীকাল। তবে সরকারিভাবে গতকালই শুরু হয়েছে সাগর মেলা। সর্বত্রই ব্যস্ততা তুঙ্গে। ধীরে ধীরে ভিড় বাড়তে শুরু করেছে।

\*\*\*\*\*

মালদার তৃণমূল কংগ্রেস কাউন্সিলার দুলাল ওরফে বাবলা সরকার খুনের ঘটনায় ধৃত টাউন সভাপতি নরেন্দ্রনাথ তিওয়ারি-কে দল থেকে বহিস্কার করা হয়েছে। জেলা তৃণমূল কংগ্রেসের এক বৈঠকে আজ একথা ঘোষণা করেন দলের জেলা সভাপতি আব্দুল রহিম বক্সি। নরেন্দ্রনাথ বর্তমানে তিনদিনের পুলিশ হেফাজতে রয়েছেন। পুলিশ গতকাল নরেন্দ্র নাথ এবং আরেক নেতা স্বপন শর্মাকে গ্রেপ্তার করে।

রাজ্য পুলিশের ADG দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার জানিয়েছেন, এই দুজনই খুনের মূল ষড়যন্ত্রী। পলাতক বাবলু যাদব'ও এদের সঙ্গে যুক্ত ছিল। ওই খুনের ঘটনায় ৫০ লক্ষ টাকার সুপারি দেওয়া হয়েছিল। অন্যদিকে, দুলাল সরকার খুনের পেছনে বড় মাথা রয়েছে বলে ধৃত নরেন্দ্রনাথ তিওয়ারি দাবী করেছেন। তাঁকে ফাঁসানো হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

এই ঘটনায় পুলিশ এপর্যন্ত মোট সাত জনকে গ্রেপ্তার করেছে।

\*\*\*\*\*

ভাটপাড়া পুরসভায় কয়েক কোটি টাকার দুর্নীতি মামলায় CID প্রাক্তন সাংসদ, বিজেপি নেতা অর্জুন সিং-কে আজ ভবানীভবনে জিজ্ঞাসাবাদ করে। চার ঘন্টার'ও বেশী সময় তাঁকে জেরা করেন CID-র আধিকারিকরা।

উল্লেখ্য, এর আগেও একাধিকবার অর্জুন সিং-কে জিজ্ঞাসাবাদ করে CID।

এদিকে, অন্য একটি মামলায় অর্জুন সিং-এর বিধায়ক পুত্র পবন সিং-কে জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠালেও গতকাল তিনি হাজিরা দেন নি।

\*\*\*\*\*

বিজেপি রাজ্য সরকারের আলিপুর চিড়িয়াখানার জমি বাণিজ্যিক স্বার্থে বিক্রির সিদ্ধান্তের বিরোধিতা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে আজ রবীন্দ্রসদন থেকে ন্যাশনাল লাইব্রেরী পর্যন্ত এই সিদ্ধান্তের প্রতিবাদের বিজেপি কর্মীরা মিছিল করে। মিছিল শেষে বিরোধী দলনেতা অভিযোগ করেন- ( বাইট- শুভেন্দু )

\*\*\*\*\*

পাসপোর্ট জালিয়াতি কান্ডে হুগলীতে আজ আরো দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের মধ্যে মোহন সাউ শ্রীরামপুর ও বিশ্বজিত ঘোষ তারকেশ্বরের বাসিন্দা। এই নিয়ে জেলায় এই ঘটনায় মোট তিনজন গ্রেপ্তার হল।

এর আগে জাল পাসপোর্ট কাণ্ডে উত্তর ২৪ পরগণা থেকে সমীর দাসকে জিজ্ঞাসাবাদ করার পর বারাসাত থানার পুলিশ আরো বেশ কয়েকজনের নাম জানতে পারে। যাদের মধ্যে কৌশিক মন্ডল ও চন্দন চক্রবর্তী নামে আরও দুজন ব্যক্তিকে গ্রেফতার করা হয়। তাদের আজ বারাসাত আদালতে তোলা হলে বিচারক ৬ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

\*\*\*\*\*

বাংলা বিজয় হাজারে ট্রফি একদিনের ক্রিকেট টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে। ভদোদরার মোতি বাঘে আজ প্রি কোয়ার্টার ফাইনাল ম্যাচে বাংলা ৭২ রানে হারিয়ানার কাছে পরাজিত হয়।

\*\*\*\*\*